

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭২৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

আরবী

وَعَن جابرِ

بن سمرةَ قَالَ: كُنَّا إِذَا أَتَيْنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَلَسَ أَحَدُنَا حَيْثُ يَنْتَهِي. رَوَاهُ أَبُو دَاوُد

> وَذكر حَدِيثا عبد الله بن عَمْرٍ فِي «بَابِ الْقِيَامِ» وَسَنَذْكُرُ حَدِيثَ عَلِيٍّ وَأَبِي هُرَيْرَةَ فِي «بَابِ أَسْمَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِفَاتِهِ» إِنْ شَاءَ اللَّهُ تَعَالَى

বাংলা

8৭২৯-[২৩] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত হতাম, তখন শেষের দিকের খালি জায়গায় বসে পড়তাম। (আবু দাউদ)[1]

(গ্রন্থকার বলেন, 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ)-এর হাদীসদ্বয় بَابِ الْقِيَامِ এ বর্ণিত হয়েছে এবং أَسْمَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِفَاتِه অধ্যায়ে 'আলী (রাঃ) ও আবূ হুরায়রা (রাঃ)-এর বর্ণিত হাদীস ইনশা-আল্লাহ বর্ণনা করব।)

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৮২৫, তিরমিয়ী ২৭২৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৩০, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩০৭০, মুসনাদে আহমাদ ২০৮৫৫, মুসনাদে আবূ ইয়া'লা ৭৪৫৩, সহীহ ইবনু হিব্বান ৬৪৩৩, আল আদাবুল মুফরাদ ১১৪১, শু'আবুল ঈমান ৮২৪২, হিলইয়াতুল আওলিয়া ৯/৩৩ প্রঃ।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ এ হাদীস থেকে বসার আদব, শিষ্টাচার প্রমাণিত হয় রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী (جَلَسَ أُحَدُنَا حَيْثُ يَنْتَهِي) এ বাক্যটির দু'টি অর্থ হতে পারে।

১. আমরা মাজলিসের সে স্থানে বসতাম, যেখানে সম্মুখ হতে লোকেদের বসা শেষ হয়েছে। ২. আমরা মাজলিসের প্রান্তসীমায় বসতাম। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন